নিশ্চিত করি শোভন
কর্মপরিবেশ,
সমৃদ্ধ হবে বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল

# শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ক জানুয়ারি/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মহর আলী মোল্লা<br>উপ -মহাপরিদর্শক |
| সভার তারিখ | ২৪/০১/২০২৩ |
| সভার সময় | বেলা ০৩.০০ টায় |
| স্থান | সভাকক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল |
| উপস্থিতি | পরিশিষ্ট- কমিটির সদস্যগণের হাজিরা |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই গত সভার সিদ্ধান্ত অনুযায়ী শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম ও তথ্যাদি উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণ | শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ক ডিসেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কী না জানতে চাওয়া হলে কারো কোনো সংশোধনী নেই বলে জানান। | শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ক ডিসেম্বর, ২০২২ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২ | শিশুশ্রম নিরসন সংক্রান্ত | সভায় জানানো হয় যে, এসডিজি বাস্তবায়নে সরকারের পরিকল্পনা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে হবে। এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন এবং শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তুলতে দায়িত্বপ্রাপ্ত সকলকে কাজ করার উপর গুরুত্বারোপ করা হয়। | ২০২৫ সালের মধ্যে সকল সেক্টর হতে শিশুশ্রম নিরসন করতে জরিপ, পরিদর্শন, উদ্বুদ্ধকরণ, নোটিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুনগ ব্যবস্থা গ্রহণের চলমান কার্যক্রম জোরদার পূর্বক অব্যাহত রাখতে হবে। | সকল পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ঝুঁকিপূর্ণ কাজ হতে শিশুশ্রম নিরসনকল্পে ১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সরকার ঘোষিত ৪৩টি ঝুঁকিপূর্ণ কাজ থেকে শিশুশ্রম নিরসন হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক চুড়ান্তকৃত সময়াবদ্ধ (Time bound) কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে চলতি অর্থবছরে জরিপ এর মাধ্যমে শিশুর তথ্য সংগ্রহ করা হচ্ছে। তন্মধ্যে জানুয়ারি ২০২৩ পর্যন্ত ৪৩ জন শিশুকে শ্রম হতে নিরসন করা হয়েছে। | ঝুঁকিপূর্ণ সেক্টর হতে শিশুশ্রম নিরসনকল্পে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত ১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সকল পরিদর্শক। সমন্বয়ক: ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪ | এপিএ,২০২২-২৩ এ শিশুশ্রম নিরসনে কার্যক্রম বাস্তবায়ন | সভায় শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব মোহাম্মদ এরফানুল কবির জানান যে, এপিএ ২০২২-২০২৩ তে ৪০ জন শিশুকে শ্রম হতে নিরসনের অত্র কার্যালয়কে টার্গেট দেয়া হয়েছে। এপিএ, ২০২২-২৩ এর টার্গেট বাস্তবায়নে জরিপ করে ৩৪টি কারখানা/প্রতিষ্ঠান হতে শ্রমে নিয়োজিত ৪৩ জন শিশুকে নিরসন করা হয়েছে। তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। এপিএ, ২০২২-২৩ এর টার্গেট শতভাগ বাস্তবায়নে শ্রমে নিয়োজিত শিশুকে শ্রম হতে নিরসনের কার্যক্রম জোরদারকরণে গুরুত্বারোপ করা হয়। | ১. এপিএ, ২০২১-২২ এর টার্গেট শতভাগ বাস্তবায়নে শ্রমে নিয়োজিত শিশুর তথ্য নির্ধারিত ছকে সংগ্রহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. নোটিশ, উদ্বুদ্ধকরণ, সভা ও প্রয়োজনে মামলা দায়েরপূর্বক এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাত অর্জন নিশ্চিত করতে হবে। | সকল পরিদর্শক। সমন্বয়ক: ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫ | জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন সংক্রান্ত | জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আয়োজন করা হচ্ছে। গত ১৫ জানুয়ারি ২০২৩ তারিখে টাঙ্গাইল জেলা শিশুশশ্রম পরিবীক্ষণ কমিটির ১৫তম সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় জানানো হয়। | জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরণী ও অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়সহ সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | উপমহাপরিদর্শক, সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) ও শ্রম পরিদর্শক (স্বাস্থ্য-২) |
| ৬ | উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কার্যকর করা এবং সভা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় সমন্বয় সংক্রান্ত | উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি পূনর্গঠন করে কমিটিতে ডাইফ এর প্রতিনিধি অন্তর্ভূক্ত করা হয়েছে। নাগরপুর, দেলদুয়ার ও মধুপুর তিনটি উপজেলায় কমিটি গঠন করা হয়েছে। কমিটি কার্যকর করা এবং নিয়মিত সভা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ১. উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি কে কার্যকর করা এবং কমিটির সভা নিয়মিত আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় সহাযোগিতা প্রদান করতে হবে।<br>২. উপজেলায় শিশুশ্রম নিরসনে DIFE-এর কার্যক্রম এবং প্রয়োজনীয় সমন্বয়ের জন্য সহযোগিতার ক্ষেত্র উপস্থাপন করতে হবে। | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)ওসংশ্লিষ্ট পরিদর্শক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | অগ্রগতি প্রতিবেদন | জেলা/উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভায় জরিপে প্রাপ্ত শিশুশ্রমের তথ্য ও প্রতিবেদন এবং সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতির তথ্য উপস্থাপন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও, ঝুঁকিপূর্ণ সেক্টর হতে শিশুশ্রম নিরসনকল্পে ১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০২২-২৩ এশিশুশ্রম নিরসন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয় মর্মে সভায় জানানো হয়। | ১. জেলা/উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভায় জরিপে প্রাপ্ত শ্রমে নিয়োজিত শিশুর তথ্য ও এদতবিষয়ে পরিচালিত কার্যক্রমের তথ্য উপস্থাপন করতে হবে।<br>২.ঝুঁকিপূর্ণ সেক্টর হতে শিশুশ্রম নিরসনকল্পে ১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৩. জাতীয় শুদ্ধাচার কৌশলের লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৪. এপিএ-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে ও ত্রৈমাসিকভিত্তিতে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৫. জেলা/উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১. সদস্য সচিব/ প্রতিনিধি<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মহর আলী মোল্লা
উপ -মহাপরিদর্শক

স্মারক নম্বর: ৪০.০১.৯৩০০.১০২.৩৫.০০৪.১৯.২৮

তারিখ: ১১ মাঘ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :সদয় জ্ঞাতার্থে/কার্যাথে প্রেরণ করা হলো:

১) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল

৩) সকল কর্মকর্তা/কর্মচারী, উপমহাপরিদর্শকের কার্যালয়, টাঙ্গাইল

৪) অফিস কপি



দীপঙ্কর দাস

সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য-১